

## ঢাকা প্রকৌশল বিশ্ববিদ্যালয় বিভিন্ন খাতে শিক্ষার্থীদের টাকা দেওয়াই সার!

ঢাকা প্রকৌশল বিশ্ববিদ্যালয় প্রতিনিধি •

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (ডুয়েট) বার্ষিক ম্যাগাজিন পাঠ বছরকে প্রকাশিত হয়নি। কিন্তু কর্তৃপক্ষ ম্যাগাজিন বাবদ শিক্ষার্থীদের কাছ থেকে নিয়মিত টাকা আদায় করছে। ছাত্রকল্যাণ বাতের নামে শিক্ষার্থীরা যে টাকা দেন, সেটা তাঁদের তেমন কোনো কল্যাণেই আসে না। শিক্ষার্থীদের অভিযোগ, এভাবে বিভিন্ন খাতে টাকা দিলেও তারা এর সুবিধা পান না।

শিক্ষার্থীরা জানান, প্রতি সেমিস্টারের অর্থাৎ বছরে দুই বার কোর্সের নিবন্ধন করতে হয় তাঁদের। এ জন্য প্রতি সেমিস্টারে বিভিন্ন খাতে টাকা দেন তাঁরা। এর মধ্যে খেলাধুলা ও সাংস্কৃতিক কার্যক্রম বাবদ ১০০ টাকা দিতে হয়। ওখান বিশ্ববিদ্যালয়ে এসব কার্যক্রম খুব একটা হয় না। নামে মাত্র খেলাধুলার আয়োজন করা হলেও হয় না কোনো সাংস্কৃতিক কর্মকাণ্ডের আয়োজন। ম্যাগাজিন বাবদ ৩০ টাকা, ছাত্রকল্যাণ বাবদ ২০ টাকা ও ইস্টারনেটের জন্য ২০০ টাকা করে ফি দিতে হয়। কিন্তু বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সেন্টারে অপর্যাপ্ত ও ধীরগতির কম্পিউটারের কারণে নামে মাত্র ইস্টারনেট-সুবিধা পাচ্ছেন তাঁরা। তাই বাধ্য হয়ে অনেকেই ইস্টারনেটের সংযোগ নিয়েছেন ব্যক্তিগত টাকায়।

ওবে বিশ্ববিদ্যালয়ের ছাত্রকল্যাণ পরিচালক নঈম শেখ জানান, ছাত্রসংসদ না থাকার কারণে ম্যাগাজিন প্রকাশিত হয় না। তবে এ ব্যতীত যে টাকা নেওয়া হয়, তা ফাউন্ডেশন খাতে। তিনি দাবি করেন, যেসব খাতে টাকা নেওয়া হয়, তাঁর সঠিক ব্যবহার করা হয়।